# এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সভা
# ২০২১ সনের ৯ম (নবম) সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ২০২১ সনের ৯ম (নবম) সভা গত ২৩ মার্চ ২০২১ তারিখ অপরাহ্ন ৩:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | |
|---|---|
| ১. মো: মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ২. মো: ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |
| ৩. মো: শহিদ রহমত কাদির<br>মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | সদস্য |
| ৪. মো: লুৎফর রহমান<br>মহাব্যবস্থাপক (এমইএন্ডএল) | সদস্য |
| ৫. ফওজিয়া তৌহিদ<br>মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স) | সদস্য |
| ৬. এমআইএম জুলফিকার<br>প্রজেক্ট কো-অর্ডিনেটর, এসসিএমএফপি | সদস্য |

নৈতিকতা কমিটির সদস্য ও পরিচালক (অপারেশনস্), মো: গোলাম ফারুখ মাঠ পর্যায়ের প্রকল্প এলাকা পারিদর্শনে ব্যস্ত থাকায় সভায় অনুপস্থিত ছিলেন। সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন তোয়ারিক্ক ইকবাল, ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)।

## সভার আলোচ্যসূচী:

১. গত ১৫/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৮ম (অষ্টম) সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

২. এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ক পর্যালোচনা (সূচক ৩.২, ৩.৩, ৪.১, ৪.২, ৪.৩, ৪.৪, ৪.৫, ৫.১, ৬.২, ৬.৩, ৭.২, ৮.২, ১১.১, ১২.১, ১৩.২ এবং ১৩.৩)।

৩. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব ডঃ নাহিদ হোসেন এর ৩০ মার্চ ২০২১ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রসঙ্গে।

৪. বিবিধ (যদি থাকে)।

## আলোচ্যসূচী-১ :

গত ১৫/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৮ম (অষ্টম) সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

### আলোচনার সারসংক্ষেপ:

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন গত ১৫ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ ২০২০ সনের ১৫ ডিসেম্বর এ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে উপস্থিত সকল সদস্যদের অবহিত করেন।

### সিদ্ধান্ত:

১৫/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রশংসা করা হয়।

## আলোচ্যসূচী-২ :

এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ক পর্যালোচনা (সূচক ৩.২, ৩.৩, ৪.১, ৪.২, ৪.৩, ৪.৪, ৪.৫, ৫.১, ৬.২, ৬.৩, ৭.২, ৮.২, ১১.১, ১২.১, ১৩.২ এবং ১৩.৩)।

### আলোচনার সারসংক্ষেপ:

আলোচ্যসূচী-২ এর পর্যালোচনার প্রারম্ভে এসডিএফ প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সম্মানিত সদস্য ও প্রজেক্ট কো-অর্ডিনেটর, এসসিএমএফপি, এমআইএম জুলফিকার বক্তব্য দেবার ইচ্ছা প্রকাশ করে বলেন তিনি এই কমিটিতে নতুন। তাই তাঁর বক্তব্যে কিছু সীমাবদ্ধতা থাকতে পারে। তিনি বাংলাদেশ সরকার প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন সূচকে এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন, মূল্যায়ন, পরিবীক্ষণ প্রক্রিয়া, ও এর প্রভাব (Implementation, evaluation, monitoring process and impact) সম্পর্কে জানতে চান। জবাবে এসডিএফ-এর মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) ও প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সম্মানিত সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট বলেন যে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বিভিন্ন সূচকে সংস্থার বিভিন্ন কর্মসূচী/বিভাগ তা প্রতিপালন করে থাকেন। তিনি এ প্রসঙ্গে সূচক ৩.৩ এর (এসডিএফ এর HR পলিসির অন্তর্ভূক্ত কোড অব কন্ডাক্ট) উদাহরন দিয়ে বলেন এটি বাস্তবায়ন করেছে মানব সম্পদ বিভাগ। সেক্ষেত্রে শুধুমাত্র মানব সম্পদ বিভাগ-ই এর পরিবীক্ষণ প্রক্রিয়া ও প্রভাব (monitoring process and impact) সম্পর্কে ব্যাখ্যা দিতে

পারেন যা পুরো বিষয়টিকে অত্যন্ত দীর্ঘ এবং সময় সাপেক্ষ করে ফেলতে পারে যার আদৌ প্রয়োজন আছে বলে প্রতীয়মান হয় না।

আলোচনায় অংশগ্রহন করে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন বলেন যে এসডিএফ এর প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির প্রভাব পর্যালোচনা (Impact study) নিয়মিতভাবে নিরপেক্ষ তৃতীয় পক্ষ/সংস্থার মাধ্যমে সম্পাদন করা হয়। তিনি আরো যোগ করে বলেন যে সবচেয়ে গুরুত্বপূর্ন বিষয় হলো জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রান্তিকভিত্তিক নির্ধারিত লক্ষের বিপরীতে শতভাগ অর্জন নিশ্চিত করা এবং সংশ্লিষ্ট বাজেট পুরোপুরি কাজে লাগানো। এ পর্যায়ে তিনি এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর মাঠ পর্যায়ে বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন এবং দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদের তা মাঝে মধ্যে পরিদর্শনের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

এসডিএফ এর পরিচালক (অর্থ ও ক্রয়) এবং প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সম্মানিত সদস্য মো: মাহবুবুল আলম এ ব্যাপারে মতামত ব্যক্ত করে বলেন যে মাঠ পর্যায়ের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংশ্লিষ্ট বিভাগ প্রধান কার্যালয় থেকেই সরাসরি এসডিএফ এর বিভাগীয়, জেলা, উপজেলা ও ক্লাষ্টার অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মাধ্যমেই সম্পাদন করতে পারে তবে টেষ্ট কেস হিসাবে কিছু ব্যতিক্রম ক্ষেত্রে মাঠ পরিদর্শন করা যেতে পারে। এসডিএফ-এর মহাব্যবস্থাপক (মানব সম্পদ) ও প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির সম্মানিত সদস্য মো: শহিদ রহমত কাদির বলেন যে এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রতিটি সূচকের নির্ধারিত লক্ষের বিপরীতে প্রয়োজনে কিভাবে অর্জন নিশ্চিত হলো তা পৃথক পাতায় ব্যাখা করা যেতে পারে। জবাবে নৈতিকতা কমিটির সম্মানিত সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট বলেন যে এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও প্রান্তিকভিত্তিক নির্ধারিত লক্ষের বিপরীতে অর্জন নিশ্চিতকরণের বিষয়টি প্রতি আর্থিক বছরে মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ও কেবিনেট বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশনার আলোকেই করা হয়ে থাকে এবং তা প্রতি প্রান্তিক শেষে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয় যা নিয়মিতভাবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সভা আয়োজনের মাধ্যমে মূল্যায়ন, পর্যালোচনা, দিক নির্দেশনা ও ফিডব্যাক প্রদান করে থাকে।

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর সূচক ৩.২, ৩.৩, ৪.১, ৪.২, ৪.৩, ৪.৪, ৪.৫, ৫.১, ৬.২, ৬.৩, ৭.২, ৮.২, ১১.১, ১২.১, ১৩.২ এবং ১৩.৩ সংশ্লিষ্ট ৩য় প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সম্পর্কে জানতে চান। জবাবে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ কমিটিকে অবহিত করেন যে সূচক ৫.১ ব্যতিত সকল সূচকের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং সূচক ৫.১ (উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ এ প্রেরণ) মন্ত্রণালয়ে প্রেরণের সর্বশেষ তারিখের (৩১/০৩/২০২১) মধ্যেই জমা দেয়া হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। উপস্থিত সকল সদস্যের মতামত ও বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তে উপনীত হন।

## সিদ্ধান্তঃ

এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর সূচক ৩.২, ৩.৩, ৪.১, ৪.২, ৪.৩, ৪.৪, ৪.৫, ৬.২, ৬.৩, ৭.২, ৮.২, ১১.১, ১২.১, ১৩.২ এবং ১৩.৩ সংশ্লিষ্ট ৩য় প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং সূচক ৫.১ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা মার্চ ২০২১ এর শেষভাগে অর্জিত হবে।

## আলোচ্যসূচী-৩:

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব ডঃ নাহিদ হোসেন এর ৩০ মার্চ ২০২১ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রসঙ্গে।

### আলোচনার সারসংক্ষেপ:

আলোচনার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট জনাব ইশতিয়াক মাহমুদ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব ডঃ নাহিদ হোসেন এর ৩০ মার্চ ২০২১ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ এর বিষয়টি উত্থাপন করেন। এ পর্যায়ে এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন উপস্থিত সকল সম্মানিত সদস্যকে অবহিত করেন যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে জানানো হয়েছে যে ৩০ মার্চ ২০২১ তারিখ পবিত্র শব-ই-বরাতের ছুটি থাকায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব ডঃ নাহিদ হোসেন আগামী ৫ এপ্রিল ২০২১ তারিখ এসডিএফ প্রধান কার্যালয় পরিদর্শন করবেন। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন বিষয়টি নিয়ে উপস্থিত সকল সদস্যের মতামত জানতে চান এবং বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তে উপনীত হন ।

## সিদ্ধান্তঃ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব ডঃ নাহিদ হোসেন ৩০ মার্চ ২০২১ তারিখ এর পরিবর্তে আগামী ৫ এপ্রিল ২০২১ তারিখ নাগাদ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্প বাস্তবায়ন ও অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ উপলক্ষে সংশ্লিষ্ট সকল থিমেটিক প্রধানগণ প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহন করবেন।

# বিবিধ আলোচ্যসূচী-

## আলোচ্যসূচী-৪:

এসডিএফ এর 'সুশাসন ও জবাবদিহিতা' বিভাগের নাম পরিবর্তন করে 'সুশাসন, সামাজিক সম্পদ ও মুক্তিযুদ্ধ বিভাগ' রাখার প্রস্তাব।

**আলোচনার সারসংক্ষেপ:**

প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট জনাব ইশতিয়াক মাহমুদ এসডিএফ এর 'সুশাসন ও জবাবদিহিতা' বিভাগের নাম পরিবর্তন করে 'সুশাসন, সামাজিক সম্পদ ও মুক্তিযুদ্ধ বিভাগ' রাখার বিষয়টি প্রস্তাব করেন।

অধিকন্তু জনাব ইশতিয়াক মাহমুদ সভাকে অবহিত করেন যে ক্ষোভ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্ত সংস্থাসমূহের একটি সভা অতিরিক্ত সচিব (বীমা ও অভিযোগ অধিশাখা)-এর সভাপতিত্বে গত ২২/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় তিনি প্রস্তাব করেছিলেন যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা' সংক্রান্ত বিষয়টি প্রাসঙ্গিক হওয়ায় তা উল্লিখিত কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা যেতে পারে। উল্লিখিত সভার সভাপতি এই প্রস্তাব সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবেন মর্মে বলেছেন বলে জনাব ইশতিয়াক মাহমুদ উল্লেখ করেন।

সকলের মতামতের ভিত্তিতে এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন উক্ত প্রস্তাব দুটি সমর্থন করেন এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সংশ্লিষ্ট শাখার সাথে আলোচনা সাপেক্ষে এবং তাদের মতামত ও দিকনির্দশনা অনুযায়ী প্রধান কার্যালয় নৈতিকতা কমিটিকে অবহিতকরণের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন। বিস্তারিত আলোচনা সাপেক্ষে পরিশেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**সিদ্ধান্ত:**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট জনাব ইশতিয়াক মাহমুদ এসডিএফ এর 'সুশাসন ও জবাবদিহিতা' বিভাগের নাম পরিবর্তন করে 'সুশাসন, সামাজিক সম্পদ ও মুক্তিযুদ্ধ বিভাগ' রাখার বিষয়টি আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সংশ্লিষ্ট শাখার সাথে আলোচনা সাপেক্ষে এবং তাদের মতামত ও দিকনির্দশনা অনুযায়ী প্রধান কার্যালয় নৈতিকতা কমিটিকে অবহিত করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**এ জেড এম সাখাওয়াত হোসেন**
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি